

# কম্পিউটার শিক্ষাকে সর্বস্তরে ছড়িয়ে দেয়া হবে

প্রধানমন্ত্রী

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বর্তমান সরকারের নীতি হচ্ছে কম্পিউটার শিক্ষার উন্নয়ন সাধন করা এবং এটিকে সর্বজনীন করে তোলা। তিনি তথ্যযোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে এর প্রয়োগে সর্বশ্রেষ্ঠ ব্যক্তিদের সহযোগিতা চেয়েছেন। তিনি বৃহস্পতিবার তার দপ্তরে তথ্যযোগাযোগ প্রযুক্তি বিষয়ক জাতীয় টার্মফোর্সের তৃতীয় বৈঠকে সভাপতিত্ব করেন।

বেগম জিয়া বলেন, তথ্যযোগাযোগ প্রযুক্তির সঙ্গে সর্বশ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শিক্ষা ও প্রশিক্ষণের মান বজায় রাখতে হবে।

এ প্রসঙ্গে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় স্তরে গরিব কিন্তু মেধাবী বিশেষ করে মেয়েদের জন্য তথ্যযোগাযোগ প্রযুক্তিতে প্রধানমন্ত্রীর বৃত্তি চালু করা হবে। ফলে টাকার অভাবে ওইসব শিক্ষার্থীর পড়াশোনা ব্যাহত হবে না।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, বাংলাদেশ টেলি কমিউনিকেশন রেগুলেশন কমিশন লাইসেন্স ইস্যু করবে। এর ফলে বেসরকারি বিনিয়োগকারীদের মাধ্যমে সারাদেশের লোকজন ভোগ করবে টেলিফোনের সুবিধা।

পাইরেসি বন্ধের লক্ষ্যে বর্তমানে বিদ্যমান সাইবার ও সফটওয়্যার আইনগুলো আরও জোরদারের ব্যাপারে বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান, বাণিজ্যমন্ত্রী আমীর হুসেন মাহমুদ চৌধুরী, বিজ্ঞান ও তথ্যযোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিস চৌধুরী ও মোসাদ্দেক আলী, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. কামাল সিদ্দিকী, গ্রামীণ ব্যাংকের ড. মুহাম্মদ ইউনুস, বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি সুরুর খান, এফবিসিসিআইয়ের সভাপতি ইউসুফ আবদুল্লাহ হারুন, টার্মফোর্সের সদস্য সচিব ও পরিকল্পনা সচিব বদিউর

ছড়িয়ে : পৃঃ ২ কঃ ২

## ছড়িয়ে : দেয়া হবে

( ১ম পৃষ্ঠার পর )

রহমান

প্রমুখ।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সৃজনশীল অভিজ্ঞ ব্যক্তিদের স্মৃতিকথা ও অভিজ্ঞতার ওপর বই লেখার আহ্বান জানিয়েছেন। এর ফলে উপকৃত হতে পারে আগামী প্রজন্ম। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ও সাবেক প্রধান বিচারপতি লতিফুর রহমান বৃহস্পতিবার প্রধানমন্ত্রীকে তার সদ্য প্রকাশিত বই উপহার দিতে গেলে তিনি ওই আহ্বান জানান।

সম্প্রতি প্রকাশিত হয়েছে লতিফুর রহমান রচিত 'তত্ত্বাবধায়ক সরকারের দিনগুলি ও আমার কথা'।

ছ  
পু  
ডু  
প্র  
এ  
দু  
স  
ছ  
এ  
হ  
নি  
স  
ম